ড	পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?	৬.১৫ কি.মি
ঢ	বাংলাদেশের নব নির্বাচিত রাষ্ট্রপতির নাম কি?	মো. সাহাবুদ্দিন
ণ	সূর্যোদয়ের দেশ কোনটি?	জাপান

৭২

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
জুনিয়র টেকনিশিয়ান

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ২৪/০৩/২০২৩ | পূর্ণমান: ৭০

১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) শশাঙ্ক = শশ + অঙ্ক

খ) পর্যালোচনা = পরি +আলোচনা

গ) অভ্যুদয় = অভি + উদয়

ঙ) যদ্যপি = যদি+ অপি

চ) পতঞ্জলি = পতৎ + অঞ্জলি

২। অর্থসহ বাক্য গঠন করুন:

ক) পিঁড়েয় বসে পেঁড়োর খবর = নগণ্য লোকের গুরুত্বপূর্ণ খবর রাখা

খ) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ = বুড়োর ভীমরতি

গ) সাত সতেরো = বিচিত্র রকামের

ঘ) ঘটি ডোবে না নামে তালপুকুর = যোগ্যতা ছড়াই অহংকার দেখানো

ঙ) ছ'কড়া ন'কড়া = সস্তা দর

৩। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
আসক্তি	নিরাসক্তি
আবির্ভাব	তিরোভাব
ঈষৎ	অধিক
ক্ষীয়মান	বর্ধমান

৪। প্রশ্নগুলোর উত্তর লিখুন:

ক) কাজী নজরুল ইসলামের দুটি কাব্যগ্রন্থের নাম লিখুন।

উত্তর: অগ্নিবীণা ও বিষের বাঁশি

খ) চর্যাপদের আবিষ্কারক কে?

উত্তর: ড. হরপ্রসাদ শাস্ত্রী

গ) 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটির রচয়িতা কে?

উত্তর: দক্ষিণারঞ্জন মিত্র

ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত প্রথম উপন্যাসের নাম কী?

উত্তর: Rajmohan's Wife (ইংরেজি ভাষায় রচিত), দুর্গেশনন্দিনী

ঙ) বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন-এর কয়েকটি রচনার নাম লিখুন।

উত্তর: অবরোধবাসিনী, মতিচূর, পদ্মরাগ

৫। বাংলা অনুবাদ লিখুন:

Once a man asked Aristotle, the Greek philosopher of world-wide fame, "Sir, what is the good of telling a lie?" Aristotle replied, "The only good is that no man trusts the liar even when he tells the truth."

অনুবাদ: একদা এক ব্যক্তি বিশ্বব্যাপী খ্যাতিসম্পন্ন গ্রিক দার্শনিক অ্যারিস্টটলকে জিজ্ঞেস করল, "জনাব, মিথ্যা বলে লাভ কী?" অ্যারিস্টটল উত্তর দিলেন, "একমাত্র ভালো হলো এই যে কেউ মিথ্যাবাদীকে বিশ্বাস করে না যদিও সে সত্য বলে।"

৬। **Fill in the blanks:**

Olympics	sprinter	legends
Olympians	retired	swimmer

These are the stories of two most successful …….. of history. What one is famous as the fastest …… the other is celebrated as the fastest …… of the world. They made history in the Beijing ……. . They are the living …….. now.

Answer: Olympians, sprinter, swimmer, Olympics, legends

৭। **Fill in the blanks with preposition:**

a) Why are you so angry__?

Ans: about

b) I was admitted __ Dhaka College.

Ans: to

❑ Recent Job Solution

c) She argued __ me about child marriage.
Ans: with
d) His wife is jealous __ him and she follows him everywhere he goes.
Ans: of
e) Water has no color __ its own.
Ans: of

৮। Write a paragraph on 'Padma Bridge'.

৯। Translate into English:

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালে জন্মগ্রহণ করেন। কলকাতা থেকে বি.এ. ডিগ্রি লাভ করার পর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে ভর্তি হন। তিনি তাঁর দল আওয়ামী লীগকে ১৯৭০ সালের জাতীয় ও প্রাদেশিক নির্বাচনে নিরঙ্কুশভাবে বিজয়ী করেন। তাঁর এই অর্জন স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের অন্যতম প্রেক্ষাপট রচনা করে।

Answer: Bangabandhu Sheikh Mujibur Rahman was born in 1920. After receiving his B.A. degree from Calcutta, he joined the Law Department of Dhaka University. He led his party Awami League to absolute victory in the 1970 national and provincial elections. His achievement forms one of the contexts for the development of independent and sovereign Bangladesh.

১০। ১৮ মিটার লম্বা একটি মই একটি দেয়ালের ছাদ বরাবর ঠেস দিয়ে ভূমির সঙ্গে ৪৫ ডিগ্রি কোণ উৎপন্ন করে। দেয়ালটির উচ্চতা নির্ণয় করুন।

সমাধান



মনে করি, দেওয়ালটির উচ্চতা AB = h মিটার, মইটির দৈর্ঘ্য AC = 18 মিটার এবং ভূমির সঙ্গে $\angle ACB = 45°$ উৎপন্ন করে।

ΔABC থেকে পাই, $\sin\angle ACB = \frac{AB}{AC}$

বা, $\sin 45° = \frac{h}{18}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{h}{18}$ $\left[\because \sin 45° = \frac{1}{\sqrt{2}}\right]$

বা, $\sqrt{2}h = 18$

বা, $h = \frac{18}{\sqrt{2}}$

বা, $h = \frac{18\sqrt{2}}{2}$ [হর এবং লবকে $\sqrt{2}$ দ্বারা গুণ করে]

$\therefore h = 12.728$ (প্রায়)

সুতরাং দেওয়ালটির উচ্চতা 12.73 মিটার (প্রায়)।

উত্তর: 12.73 মিটার (প্রায়)

১১। উৎপাদকে বিশ্লেষণ করুন:

ক) $x^2 + (3a + 4b)x + (2a^2 + 5ab + 3b^2)$

সমাধান $x^2 + (3a + 4b)x + (2a^2 + 5ab + 3b^2)$

$= x^2 + (3a + 4b)x + (2a^2 + 2ab + 3ab + 3b^2)$

$= x^2 + (3a + 4b)x + \{2a(a + b) + 3b(a + b)\}$

$= x^2 + (3a + 4b)x + (a + b)(2a + 3b)$

মনে করি,

$2a + 3b = p$

$a + b = q$

$3a + 4b = p + q$ [যোগ করে]

$\therefore$ প্রদত্ত রাশি $= x^2 + (p + q)x + pq$

$= x^2 + px + qx + pq$

$= x(x + p) + q(x + p)$

$= (x + p)(x + q)$

$= (x + 2a + 3b)(x + a + b)$ [মান বসিয়ে]

$= (x + 2a + 3b)(x + a + b)$ (Answer)

খ) $(x^2 - x)^2 + 3(x^2 - x) - 40$

সমাধান $(x^2 - x)^2 + 3(x^2 - x) - 40$

মনে করি, $x^2 - x = a$

∴ প্রদত্ত রাশি $= a^2 + 3a - 40$

$= a^2 + 8a - 5a - 40$

$= a(a + 8) - 5(a + 8)$

$= (a + 8)(a - 5)$

$= (x^2 - x + 8)(x^2 - x - 5)$ [a এর মান বসিয়ে]

$= (x^2 - x + 8)(x^2 - x - 5)$ (Answer)

❑ Recent Job Solution

১২। কোন ভগ্নাংশের লবের সাথে ৭ যোগ করলে ভগ্নাংশটির মান ২ হয় এবং হর থেকে ২ বাদ দিলে ভগ্নাংশটির মান ১ হয়। ভগ্নাংশটি নির্ণয় করুন।

সমাধান দেখুন: প্রশ্ন নং-১২, সমস্যা নং-১১]

১৩। কোন আসল ৩ বছরে মুনাফা-আসলে ৫৫০০ টাকা হয়। মুনাফা আসলের ৮ ভাগের ৩ ভাগ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় করুন।

সমাধান দেখুন: প্রশ্ন নং-৬৭, সমস্যা নং-০৯]

১৪. প্রশ্নগুলোর উত্তর লিখুন:

ক)	বাংলাদেশের সর্বশেষ আবিষ্কৃত গ্যাসক্ষেত্র কোনটি?	ইলিশা-১, ভোলা
খ)	বিশ্বের দ্রুততম এ্যাথলেটের নাম কি?	ফ্রেড কার্লি (যুক্তরাষ্ট্র)
গ)	চীনের কোন প্রদেশে করোনা ভাইরাসের উৎপত্তি হয়েছিল?	হুবেই প্রদেশ
ঘ)	জাতিসংঘের সর্বশেষ সদস্য রাষ্ট্রের নাম কী	দক্ষিণ সুদান
ঙ)	জাপানি প্রধানমন্ত্রির নাম কী এবং তিনি কত তারিখে ইউক্রেন সফর করেন?	জাপানি প্রধানমন্ত্রী- ফুমিও কিশিদা এবং ইউক্রেন সফর-২১ মার্চ ২০২৩
চ)	বঙ্গবন্ধু রচিত তিনটি গ্রন্থের নাম লিখুন।	অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা ও আমার দেখা নয়াচীন
ছ)	বাংলাদেশের মানুষের গড় আয়ু কত?	৭২.৮
জ)	কত সালের কত তারিখে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট' উৎক্ষেপন করা হয়?	যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় ১১ মে ২০১৮ এবং বাংলাদেশ সময় ১২ মে ২০১৮
ঝ)	লিথোগ্রাফ কী? উত্তর: প্রাচীনকালে মানুষ গুহার দেয়ালে ছবি এঁকে তথ্য সংরক্ষণ করত। একে লিথোগ্রাফ বলে।	
ঞ)	পানির রাসায়নিক সংকেত কী?	H_2O
ট)	বিখ্যাত 'সোফিয়া' মসজিদ কোথায় অবস্থিত?	ইস্তাম্বুল, তুরস্ক
ঠ)	দেশের প্রথম মেট্রোরেল কবে উদ্বোধন করা হয়?	২৮ ডিসেম্বর ২০২২
ড)	'Wi- Fi'এর পূর্ণরূপ কী?	Wireless Fidelity
ঢ)	ম্যাডোনা -১৯৪৩ ছবিটির চিত্রশিল্পী কে?	জয়নুল আবেদিন
ণ)	২০২৩ সালে কোন জেলা রেলপথে যুক্ত হবে?	কক্সবাজার

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

৭৩ অফিস সহায়ক

সময়: ৬০ মিনিট | পরীক্ষার তারিখ: ২৪/০৩/২০২৩ | পূর্ণমান: ৭০

১। কথোপোকথন শব্দের সন্ধি বিচ্ছেদ করুন।

উত্তর: কথা + উপকথন

২। 'স্মৃতিসৌধ' এর ব্যাসবাক্যসহ সমাস লিখুন?

উত্তর: স্মৃতি রক্ষার্থে সৌধ (মধ্যপদলোপী কর্মধারয় সমাস)

৩। এক কথায় প্রকাশ করুন-'যে নারীর স্বামী ও পুত্র নেই'

উত্তর: অবীরা

৪। অর্থসহ বাক্য রচনা করুন: 'গদাই লস্করি চাল'

উত্তর: গদাই লস্করি চাল = অতি ধীর গতি/আলসেমি

৫। 'উদঘাটন' শব্দের বিপরীত শব্দ লিখুন।

উত্তর: গোপন

৬। 'নীল দর্পন' নাটকের রচয়িতা কে?

উত্তর: দীনবন্ধু মিত্র

৭। বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

৮। 'সেঁজুতি' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

৯। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কার লেখা?

উত্তর: আবু জাফর ওবায়দুল্লাহ

১০। মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ 'নিষিদ্ধ লোবান' কার লেখা?

উত্তর: সৈয়দ শামসুল হক

১১। **Translate into English:**

ক) আমার হাতঘরিটি হারিয়ে গিয়েছে।

➲ I have lost my wristwatch.

খ) সে শিশুটিকে বাঁচাতে পানিতে ঝাঁপিয়ে পড়ল।

➲ He jumped into the water to save the child.

গ) অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু।

➲ A friend in need is a friend indeed.

১২। **Fill in the blanks with appropriate words:**

a) There is a gold fish ..... the bowl.

Ans: in

b) The tea break is after half ..... hour.

Ans: an

c) A .....learning is a dangerous thing.

Ans: little

১৩। **Write the right forms of verb:**

a) She usually (visit) her parents on Fridays.

Ans: visits

b) I enjoy (write) stories for children

Ans: writing

১৪। Make a sentence using the phrase, "Crying need".

Ans: Crying need = জরুরি/অতি প্রয়োজন

Mass education is the crying need of Bangladesh.

১৫। Change the voice- "Who is making the plan?"

➲ By whom is the plan being made?

গণিত

১৬। একটি পণ্য ১২০০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হয়। পণ্যটি কত টাকায় বিক্রয় করলে ৭.৫% লাভ হতো?

সমাধান ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০ - ২০) = ৮০ টাকা

বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{৮০}$ "

" ১২০০ " " " $\frac{১০০ \times ১২০০}{৮০}$ "

= ১৫০০ টাকা

৭.৫% লাভে বিক্রয়মূল্য (১০০ +৭.৫) = ১০৭.৫ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১০৭.৫ টাকা

" ১ " " " $\frac{১০৭.৫}{১০০}$ "

" ১৫০০ " " " $\frac{১০৭.৫ \times ১৫০০}{১০০}$ "

= ১৬১২.৫ টাকা

উত্তর: ১৬১২.৫ টাকা

১৭। একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৫ গুণ। ঐ আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ২০০০ বর্গমিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত? উত্তর: ২৪০ মিটার

সমাধান দেখুন: প্রশ্ন নং-১১, সমস্যা নং-১২/অনুরূপ

১৮। উৎপাদকে বিশ্লেষণ করুন: $2a^2 + 6a - 80$

সমাধান $2a^2 + 6a - 80$

$= 2(a^2 + 3a - 40)$

$= 2(a^2 + 8a - 5a - 40)$

$= 2\{a(a+8) - 5(a+8)\}$

$= 2(a+8)(a-5)$ **(Answer)**

১৯। $x + y = 4$ এবং $x - y = -2$ হলে xy মান বের করুন।

সমাধান প্রদত্ত রাশি: $xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2$

$= 2^2 - 1^2$

$= 4 - 1$

$= 3$ (Answer)

সাধারণ জ্ঞান

২০. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:

ক)	বাংলাদেশের জাতীয় শিশু দিবস কত তারিখে পালন করা হয়?	১৭ মার্চ
খ)	মুক্তিযুদ্ধের সময় বিশেষ অবদার রাখার জন্য সর্বোচ্চ বীরত্বসূচক উপাধি কোনটি?	বীরশ্রেষ্ঠ
গ)	পদ্মা সেতু উদ্বোধন করা হয় কত তারিখে?	২৫ জুন ২০২২
ঘ)	রাষ্ট্রের অঙ্গ কয়টি?	৩টি (নির্বাহী/শাসন বিভাগ, আইন বিভাগ, বিচার বিভাগ)
ঙ)	কম্পিউটারের জনক কে?	চার্লস ব্যাবেজ
চ)	অধ্যাদেশ কে জারি করেন?	রাষ্ট্রপতি
ছ)	'সাগরকন্যা' কোন এলাকার ভোগৌলিক নাম?	কুয়াকাটা সমুদ্র সৈকত (পটুয়াখালী)
জ)	বসফরাস প্রণালী কোন দেশের অভ্যন্তর দিয়ে প্রবাহিত?	তুরস্ক
ঝ)	ভিটামিন 'এ' - এর অভাবে শিশুদের কোন রোগ হয়?	রাতকানা
ঞ)	'হিরোশিমা' শহরটি কোন দেশে অবস্থিত?	জাপান

তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

৭৪ অফিস সহায়ক

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ২৪/০৩/২০২৩ | পূর্ণমান: ৩০

১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) শয়ন = শে + অন
খ) গবাদি = গো + আদি
গ) নাবিক = নৌ + ইক

২। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
দুর্মতি	সুমতি
বাচাল	স্বল্পভাষী
সঞ্চয়	অপচয়

৩। অর্থ লিখুন:

ক) কাছা ঢিলা = অসাবধান
খ) ছা-পোষা = অত্যন্ত গরিব
গ) ভিটায় ঘুঘু চড়ানো = সর্বস্বান্ত/সর্বনাশ করা
ঘ) বর্ণচোরা = কপট ব্যক্তি
ঙ) ভিজে বিড়াল = কপটচারী

৪। এক কথায় প্রকাশ করুন:

ক) যা পোঁতা হয়েছে = প্রোথিত
খ) যা নিঃশেষে পান করা হয়েছে = নিপীত
গ) যা সহজে মরে না = দুর্মর
ঘ) যা ভাগ করা হয়েছে = বিভক্ত/ভাজিত

৫। শুদ্ধ করে লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
নিঃশোষিত	নিঃশেষিত
সৌন্দর্য্য	সৌন্দর্য
শুধুমাত্র	শুধু
অনাথিনী	অনাথা

৬। Fill in the blanks:

a) My aunt..... ill for nearly a week.
Answer: has been

b) Yesterday Bangladesh..... Ireland in one day international series 3-0.
Answer: defeated/beat

c) The teacher made the student... the book.
Answer: read

d) John is..... superstitious persons I have ever known.
Answer: a

e) I prefer death..... dishonor.
Answer: to

৭। **Translate into Bengali:**

a) To err is human, to forgive divine.
➲ মানুষ মাত্রই ভুল করে, ক্ষমা। স্বর্গীয়।

b) The weather of Bangladesh in Spring is temperate and pleasant.
➲ বসন্তে বাংলাদেশের আবহাওয়া নাতিশীতোষ্ণ এবং মনোরম।

c) Bangladesh is a riverine delta.
➲ বাংলাদেশ একটি নদীমাতৃক বদ্বীপ।

d) It is quarter to twelve in the morning.
➲ সকাল পৌনে বারোটা বাজে।

e) Oh breeze, how far will you drift me away?
➲ ওহ মৃদুমন্দ বায়ু, তুমি আমাকে কতদূর নিয়ে যাবে

৮। **Make sentence with meaning:**

cul-de-sac = কানাগলি The factory was set at the end of **cul-de-sac**
At home=দক্ষ He is at home in English.
Achilles' heel =দুর্বলতা Everybody knows his Achilles' heel.
End in smoke = ব্যর্থ হওয়া

All his plans ended in smoke.
At large =স্বাধীনভাবে
Birds fly at large in the sky.

fb group: Self Preparation

৯। **Write a short paragraph on 'How to curb air pollution?'**

১০। **ক ও খ একত্রে একটি কাজ ৮দিনে শেষ করতে পারে। ক একা ১২দিনে কাজটি শেষ করতে পারলে খ একা কত দিনে কাজটি শেষ করতে পারবে?**

সমাধান ক ও খ একত্রে ১ দিনে করে $\frac{১}{৮}$ অংশ কাজ

ক ১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ কাজ

∴ খ একা ১ দিনে করে $= \left(\frac{১}{৮} - \frac{১}{১২}\right)$ অংশ কাজ

$= \frac{৩ - ২}{২৪}$

$= \frac{১}{২৪}$ অংশ কাজ

$\frac{১}{২৪}$ অংশ কাজ করে ১ দিনে

∴ ১(সম্পূর্ণ) অংশ কাজ করে $\frac{২৪ \times ১}{১}$ "

= ২৪ দিনে।

উত্তর: ২৪ দিন

১১। **একজন দোকানি একই মূল্যে দুইটি জামা বিক্রি করেন। একটি জামায় তিনি ১০% লাভ করেন এবং অন্যটিতে ১০% লোকসান দেন। তার শতকরা লাভ বা ক্ষতি কত?**

সমাধান ধরি, প্রত্যেক জামার বিক্রয়মূল্য = ৯৯ টাকা

১০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ১০ = ১১০ টাকা

বিক্রয়মূল্য ১১০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১১০}$ "

" ৯৯ " " " $\frac{১০০ \times ৯৯}{১১০}$ "

=৯০ টাকা

আবার,

১০% লোকসানে বিক্রয়মূল্য = (১০০ − ১০) টাকা

= ৯০ টাকা

বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{৯০}$ "

" ৯৯ " " " $\frac{১০০ \times ৯৯}{৯০}$ "

= ১১০ টাকা

জামা দুটির মোট ক্রয়মূল্য = (৯০ + ১১০) টাকা

= ২০০ টাকা

জামা দুটির মোট বিক্রয়মূল্য = (৯৯ + ৯৯) টাকা

= ১৯৮ টাকা

∴ ক্ষতি হয় = (২০০ − ১৯৮) টাকা = ২ টাকা

২০০ টাকায় ক্ষতি হয়েছে ২ টাকা

১ " " " $\frac{২}{২০০}$ "

১০০ " " " $\frac{২ \times ১০০}{২০০}$ "

= ১ টাকা

উত্তর: ক্ষতি ১%

১২। $a + \frac{1}{a} = 2$ **হলে, প্রমাণ করুন যে,** $a^2 + \frac{1}{a^2} = a^4 + \frac{1}{a^4}$

সমাধান দেওয়া আছে, $a + \frac{1}{a} = 2$

দেখাতে হবে যে, $a^2 + \frac{1}{a^2} = a^4 + \frac{1}{a^4}$

বামপক্ষ $= a^2 + \frac{1}{a^2}$

$= \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$= (2)^2 - 2$ [মান বসিয়ে]

$= 4 - 2 = 2$

ডানপক্ষ $= a^4 + \frac{1}{a^4}$

$= (a^2)^2 + \left(\frac{1}{a^2}\right)^2$

$= \left(a^2 + \frac{1}{a^2}\right)^2 - 2.a^2.\frac{1}{a^2}$

$= (2)^2 - 2 \qquad \left[\because a^2 + \frac{1}{a^2} = 2\right]$

$= 4 - 2$

$= 2$

∴ বামপক্ষ = ডানপক্ষ (প্রমাণিত)

১৩। উৎপাদকে বিশ্লেষণ করুন $x^3 + 4x^2 + x - 6$.

সমাধান প্রদত্ত রাশি: $x^3 + 4x^2 + x - 6$

ধরি, $f(x) = x^3 + 4x^2 + x - 6$

তাহলে, $f(1) = 1 + 4.1 + 1 - 6$

$= 6 - 6$

$= 0$

∴ $(x - 1)$, $f(x)$ এর একটি উৎপাদক।

এখন, $x^3 + 4x^2 + x - 6$

$= x^3 - x^2 + 5x^2 - 5x + 6x - 6$

$= x^2(x - 1) + 5x(x - 1) + 6(x - 1)$

$= (x - 1)(x^2 + 5x + 6)$

$= (x - 1)(x^2 + 3x + 2x + 6)$

$= (x - 1)\{x(x + 3) + 2(x + 3)\}$

$= (x - 1)(x + 3)(x + 2)$ **(Answer)**

১৪	বাংলার আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিলেন?	অস্ট্রিক
১৫	ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বখতিয়ার খলজি কোন শতাব্দীতে বাংলাদেশে আসেন?	ত্রয়োদশ শতাব্দী
১৬	লর্ড কার্জন কবে কার্জন হল প্রতিষ্ঠা করেন?	১৯০৪ সালে
১৭	মাদার তেরেসা অবহেলিত শিশুদের জন্য কোথায় প্রথম আশ্রম খোলেন?	কলকাতা
১৮	বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কে ছিলেন?	রিচার্ড নিক্সন
১৯	সাহিত্যে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেছিলেন কে?	জাঁ পল সার্ত্রে
২০	মুক্তিযুদ্ধে প্রথম শহিদ বীরশ্রেষ্ঠ কে?	মুন্সী আবদু রউফ
২১	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু উপাধি দেয়া হয় কবে?	২৩ ফেব্রুয়ারি ১৯৬৯
২২	বাংলাদেশের সংবিধানের পূর্ণ নাম লিখুন।	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান
২৩	ঐতিহাসিক ছয় দফা দাবী কোন সালে পেশ করা হয়েছিল?	১৯৬৬ সালে

৭৫

শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইল

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ মেডিকেল টেকনোলজিস্ট

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ২৪/০৩/২০২৩ | পূর্ণমান: ৭০

১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) মনীষা = মনস্+ ঈষা
খ) প্রত্যুষ = প্রতি+উষ
গ) দ্যুলোক = দিব্ + লোক
ঘ) তস্কর = তৎ + কর

২। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:

ক) আনন্দাশ্রু = আনন্দে যে অশ্রু - কর্মধারয়
খ) পঙ্কজ = পঙ্কে জন্মে যে - উপপদ তৎপুরুষ
গ) কাজলকালো = কাজলের ন্যায় কালো -উপমান কর্মধারয়
ঘ) আশীবিষ = আশীতে(দাঁতে) বিষ যার -বহুব্রীহি

৩। বাগধরাটির অর্থ লিখুন:

ক) ত্রিশঙ্কু অবস্থা = মধ্যাবস্থা
খ) শিব রাত্রির সলতে = একমাত্র বংশধর/সন্তান
গ) উজানে কৈ = সহজ লভ্য
ঘ) নথ নাড়া = অহংকার করা

৪। এক কথায় প্রকাশ করুন:

ক) অতি উচ্চ রোল = উতরোল
খ) উত্তর দিক সম্পর্কিত = উদীচ্য
গ) দেহে, মনে ও কথায় = কায়মনোবাক্যে
ঘ) জলপ্রবাহের ধ্বনি = ছলছলানি/কলকল

৫। রচয়িতার নাম লিখুন:

রচনা	রচয়িতার নাম
ভগ্নহৃদয়	রবীন্দ্রনাথ ঠাকুর
বালুচর	জসীমউদ্‌দীন
মধুমালা	কাজী নজরুল ইসলাম
বাংলাদেশে স্বৈরতন্ত্রের জন্ম	শেখ হাসিনা

৬। Fill in the blanks:

a) He has been ill..... Friday last.
Answer: since
b) Nature is the..... physician.
Answer: best
c) He prefers reading..... writing.
Answer: to

৭। Write the meaning of following phrases:

Null and void	বাতিল
By and large	মোটামুটি/প্রধানতঃ
Crocodile tears	মায়া-কান্না

৮। Translate into English:

ক) কষ্ট ছাড়া কেষ্ট মিলে না।
➲ No pains, no gains.
খ) হাসিই সবচেয়ে বড় ঔষধ।
➲ Laugh is the greatest/best medicine.
গ) অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়।
➲ Death is preferable to dishonor.

৯। Change the voice:

a) Who gave you this pen?
➲ By whom were you given this pen?
b) Let me know it.
➲ Let it be known to me.
c) He is writing a letter.
➲ A letter is being written by him.

১০। Change the number:

Singular	Plural
Deer	Deer
leaf	Leaves
Unity	Unities
Thief	Thieves
Child	Children

১১। Write in short about 'Smart Bangladesh'

১২	বঙ্গবন্ধুর লেখা দুইটি বইয়ের নাম লিখুন।	অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা
১৩	বঙ্গবন্ধুকে কত তারিখে জাতির জনক হিসেবে ঘোষণা করা হয়?	৩ মার্চ ১৯৭১
১৪	Smart Bangladesh এর স্বপ্নদ্রষ্টা কে?	শেখ হাসিনা

❑ Recent Job Solution

১৫	বাংলাদেশের অটিজম বিশেষজ্ঞের নাম কি?	সায়মা ওয়াজেদ পুতুল
১৬	পদ্মা সেতুর প্রস্থ কত?	১৮.১০ মি
১৭	বঙ্গবন্ধু টানেল এর প্রস্থ কত?	ব্যাস- ১০.৮ মিটার
১৮	লেখকের নাম লিখুন: I have a Dream	মার্টিন লুথার কিং জুনিয়র
১৯	পৃথিবীর সবচেয়ে সুখী দেশ কোনটি?	ফিনল্যান্ড
২০	পৃথিবীর সবচেয়ে বড় দেশ কোনটি?	রাশিয়া
২১	বাংলাদেশের ওয়ানডে ক্রিকেটে দ্রুততম সেঞ্চুরী কে করেন?	মুশফিকুর রহিম
২২	প্রথম কোন দেশ বাংলাদেশকে স্বীকৃতি দেয়?	ভুটান
২৩	পোল্যান্ডের রাজধানীর নাম কি?	ওয়ারশ
২৪	বাংলাদেশের মানুষের গড় আয়ু কত?	৭২.৩ বছর
২৫	সমুদ্র কন্যা কোন জেলা?	পটুয়াখালী
২৬	বিশ্ব নিদ্রাদিবস কত তারিখ?	১৭ই মার্চ

২৭। একটি কাজ সম্পন্ন করতে ১০ জন লোকের ৭ দিন লাগলে ১৪ জন লোকে কত দিনে করতে পারবে?

সমাধান ১০ জন কররে পারে ৭ দিনে

১ " " " ৭×১০ "

১৪ " " " $\frac{৭ \times ১০}{১৪}$ "

= ৫ দিনে

উত্তর: ৫ দিন

২৮। ৩ হালি কলা ৯৬ টাকায় কিনে ২৫% লাভে বিক্রয় করলে ১টি কলার বিক্রয়মূল্য কত?

সমাধান

৩ হালি বা ১২টি কলার ক্রয়মূল্য ৯৬ টাকা

১ টি " " $\frac{৯৬}{১২}$ "

= ৮ টাকা

২৫% লাভে বিক্রয়মূল্য (১০০+২৫) টাকা =১২৫ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা

" ১ " " " $\frac{১২৫}{১০০}$ "

" ৮ " " " $\frac{১২৫ \times ৮}{১০০}$ "

= ১০ টাকা

২৯। উৎপাদকে বিশ্লেষণ করুন: ক) $x^4 - 1$

খ) $3x^2 - 4x - 7$

সমাধান

ক) $x^4 - 1$

$= (x^2)^2 - 1$

$= (X^2 - 1)(X^2 + 1)$

$= (X - 1)(X + 1)(X^2 + 1)$ **(Answer)**

খ) $3x^2 - 4x - 7$

$= 3x^2 - 7x + 3x - 7$

$= x(3x - 7) + 1(3x - 7)$

$= (3x - 7)((x + 1)$ **(Answer)**

২৯। $\frac{x^{-a} \times x^a}{y^{-b} \times y^b} + \frac{m^{-a} \times m^a}{n^{-b} \times n^b}$ **= কত?**

সমাধান $\frac{x^{-a} \times x^a}{y^{-b} \times y^b} + \frac{m^{-a} \times m^a}{n^{-b} \times n^b}$

$= \frac{x^{-a} \times x^a}{y^{-b} \times y^b} + \frac{m^{-a} \times m^a}{n^{-b} \times n^b}$

$= \frac{x^{-a+a}}{y^{-b+b}} + \frac{m^{-a+a}}{n^{-b+b}}$

$= \frac{x^0}{y^0} + \frac{m^0}{n^0}$

$= \frac{1}{1} + \frac{1}{1}$

= 2 **(Answer)**

৩১। ক্ষেত্রফলের সূত্র লিখুন: ক) সামন্তরিক খ) রম্বস গ) ত্রিভুজ

উত্তর: ক) সামন্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা

খ) রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল

গ) ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি × উচ্চতা

৭৬

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
অফিস সহায়ক

সময়: ৪৫ মিনিট | পরীক্ষার তারিখ: ৩১/০৩/২০২৩ | পূর্ণমান: ৩০

১। সন্ধি বিচ্ছেদ করুন:
ক) ষষ্ঠ = ষষ্ + থ
খ) ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র
গ) অন্যান্য = অন্য + অন্য
ঘ) গবেষণা = গো + এষণা

২। এক কথায় প্রকাশ করুন:
ক) যিনি বক্তৃতা দানে পটু = বাগ্মী
খ) যে বিষয়ে কোনো বিতর্ক নেই = অবিসংবাদী
গ) যার উপস্থিত বুদ্ধি আছে = প্রত্যুৎপন্নমতি
ঘ) ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা

৩। নিচের বাগধারাগুলোর অর্থ লিখুন এবং সেগুলোকে ব্যবহার করে অর্থপূর্ণ বাক্য তৈরি করুন:
ক) উত্তম-মধ্যম = প্রহার, পিটুনি
খ) গোবর গণেশ = মূর্খ
গ) ইঁচড়ে পাকা = অকালপক্ব
ঘ) সাক্ষী গোপাল = নিষ্ক্রিয় দর্শক

৪। ক) রেডিওর বাংলা পরিভাষা কী? উত্তর: বেতার
খ) ধ্বনির সুক্ষ্মতম মৌলিক অংশ বা একককে কী বলা হয়?
উত্তর: ধ্বনিমূল

৫। নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন:
ক) তোমার সঙ্গে কিছু গোপন পরামর্শ আছে।
➲ তোমার সঙ্গে কিছু গোপনীয় পরামর্শ আছে।
খ) কারো মাঘ মাস, কারো সর্বনাশ।
➲ কারো পৌষ মাস, কারো সর্বনাশ।
গ) তার কথা প্রমাণ হয়েছে।
➲ তার কথা প্রমাণিত হয়েছে।
ঘ) সকল ছাত্রগণ পাঠে অমনোযোগী।
➲ সকল ছাত্র পাঠে অমনোযোগী।

৬। নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
গৃহী	সন্ন্যাসী
মুখ্য	গৌণ
ভূত	ভবিষ্যৎ
আবির্ভাব	তিরোভাব

৭। **Correct the following sentences:**
a) I am understanding the lesson now.
➲ I understand the lesson now.
b) I saw a good film yesterday.
➲ I enjoyed a good film yesterday.
c) Your house is similar with mine.
➲ Your house is similar to mine.
d) She accused the man for stealing.
➲ She accused the man of stealing.

৮। **Change sentences into passive voice:**
a) I know a boy.
➲ A boy is known to me.
b) They laughed at the old man.
➲ The old man was laughed at by them.
c) I saw him reading a very interesting novel.
➲ He was seen reading a very interesting novel by me.
d) Buy me a teddy bear.
➲ Let a teddy bear be bought for me.

৯। **Make sentence with meaning:**

Bag and baggage = তল্পি-তল্পাসহ He left the hotel bag and baggage.
Burning question = তীব্র বির্তকের বিষয়/ প্রকট সমস্যা Female education is the burning question now.
For good = চিরতরে He left the country for good.
Jack of all trades = সব কাজের কাজী You are a jack of all trades but master of none.

❑ Recent Job Solution

১০। Complete the following sentences using the right form of verbs:

a) Fahim walked quickly lest he..... (miss) the train.

Answer: should miss

b) Would that I ..... (know) the answer to this question.

Answer: could know

c) The doctor .... (die) in his chamber before the patient .... (come)

Answer: had died, came.

১১। বার্ষিক শতকরা ৬ টাকা হার চক্রবৃদ্ধি মনুফায় ২৫০০০ টাকার ৪ বছরের মুনাফা কত?

সমাধান চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয়ের জন্য প্রথমে চক্রবদ্ধি মূলধন নির্ণয় করি।

আমরা জানি, চক্রবদ্ধি মূলধন $C = P(১ + r)^n$,

যেখানে মূলধন $P = ২৫০০০$ টাকা

মুনাফার হার, $r = ৬\% = \frac{৬}{১০০}$

সময়, $n = ৪$ বছর

$\therefore C = P(১ + r)^n$

$= ২৫০০০ \times \left(১ + \frac{৬}{১০০}\right)^৪$ টাকা

$= ২৫০০০ \times \left(\frac{১০৬}{১০০}\right)^৪$ টাকা

$= ২৫০০০ \times \frac{১০৬}{১০০} \times \frac{১০৬}{১০০} \times \frac{১০৬}{১০০} \times \frac{১০৬}{১০০}$ টাকা

$= ৩১৫৬১.৯২$

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা $= C - P = P(১ + r)^২ - P$

$= (৩১৫৬১.৯২ - ২৫০০০)$ টাকা

$= ৬৫৬১.৯২$ টাকা (প্রায়)

উত্তর: ৬৫৬১.৯২ টাকা

১২। একটি নল 12 মিনিটে একটি খালি চৌবাচ্চা পূর্ণ করতে পারে। অপর একটি নল প্রতি মিনিটে 14 লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় দুইটি নল একসঙ্গে খুলে দেওয়া হয় এবং চৌবাচ্চাটি 96 মিনিটে পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে?

সমাধান মনে করি, প্রথম নল দ্বারা প্রতি মিনিটে x লিটার পানি প্রবেশ করে এবং চৌবাচ্চাটিকে মোট y লিটার পানি ধরে।

$\therefore y = 12x$ ..... (1)

আবার, দুইটি নল দ্বারা 96 মিনিটে খালি চৌবাচ্চা পূর্ণ হয়

$\therefore y = 96x - 96 \times 14$ ..... (2)

সমীকরণ (1) থেকে পাই, $x = \frac{y}{12}$

x এর মান সমীকরণ (2) এ বসিয়ে পাই,

$y = 96 \times \frac{y}{12} - 96 \times 14$

বা, $y = 8y - 96 \times 14$

বা, $7y = 96 \times 14$

বা, $y = \frac{96 \times 14}{7} = 192$

উত্তর: চৌবাচ্চাটিতে মোট 192 লিটার পানি ধরে।

বিকল্প সমাধান:

ধরি, চৌবাচ্চাটিতে পানি ধরে x লিটার

12 মিনিটে পূর্ণ করে x লিটার

1 " " $\frac{x}{12}$ "

আবার,

96 মিনিটে পূর্ণ করে x লিটার

1 " " $\frac{x}{96}$ "

প্রশ্নমতে,

$\frac{x}{12} - \frac{x}{96} = 14$

বা, $\frac{8x - x}{96} = 14$

বা, $\frac{7x}{96} = 14$

বা, $7x = 1344$

বা, $x = \frac{1344}{7}$

$\therefore x = 192$

$\therefore$ চৌবাচ্চাটিতে 192 লিটার পানি ধরে।

উত্তর: 192 লিটার।

১৩। $x - \frac{1}{x} = 4$ হলে, প্রমাণ করুন যে, $x^4 + \frac{1}{x^4} = 322$.

সমাধান দেখুন: প্রশ্ন নং-২০, সমস্যা নং-১১

১৪। একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের সমকোণী বাহুদ্বয়ের দৈর্ঘ্য ১৮ সে.মি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে. মি. হবে?

সমাধান এখানে, সবদ্বিবাহু ত্রিভুজের ভূমি = ১৮ সে.মি

উচ্চতা = ১৮ সে.মি

সুতরাং ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ১৮ \times ১৮$

$= ১৬২$ বর্গ সে.মি

উত্তর: ১৬২ বর্গ সে.মি

বাংলা প্রস্তুতিতে পড়ুন



৭৭

পরিবেশ অধিদপ্তর
হিসাব রক্ষক

সময়: ৯০ মিনিট **পরীক্ষার তারিখ: ৩১/০৩/২০২৩** **পূর্ণমান: ১০০**

১। ১০ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ ছিল। ৪ বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের ২ গুণ হবে। বর্তমানে কার বয়স কত?

সমাধান

মনে করি, ১০ বছর পূর্বে পুত্রের বয়স x বছর

১০ বছর পূর্বে পিতার বয়স ৪x বছর

পুত্রের বর্তমান বয়স = x + ১০

পিতার বর্তমান বয়স = ৪x + ১০

প্রশ্নমতে,

$৪x + ১০ + ৪ = ২(x + ১০ + ৪)$

বা, $৪x + ১৪ = ২x + ২৮$

বা, $২x = ১৪$

$\therefore x = ৭$

$\therefore$ পুত্রের বর্তমান বয়স = ৭ + ১০ = ১৭ বছর

পিতার বর্তমান বয়স = ৭ × ৪ + ১০ = ৩৮ বছর

উত্তর: পিতার বয়স ৩৮ বছর এবং পুত্রের বয়স ১৭ বছর।

২। এক বিক্রেতা ১০টি কমলা যে দামে কিনে, ৮টি কমলা সেই দামে বিক্রি করে। তার শতকরা কত লাভ হয়?

সমাধান

মনে করি ১০ টি কমলার ক্রয়মূল্য ক টাকা

আবার, ৮ টি কমলার বিক্রয়মূল্য ক টাকা

$\therefore ১$ " " " $\frac{ক}{৮}$ টাকা

$\therefore ১০$ " " " $\frac{ক \times ১০}{৮}$ টাকা $= \frac{৫ক}{৪}$ টাকা

❑ Recent Job Solution

এখানে, লাভ $= \left(\frac{৫ক}{৪} - ক\right)$ টাকা

$= \frac{৫ক - ৪ক}{৪}$ টাকা $= \frac{ক}{৪}$ টাকা

ক টাকায় লাভ হয় $\frac{ক}{৪}$ টাকা

∴ ১ " " " $\frac{ক}{ক \times ৪}$ "

∴ ১০০ " " " $\frac{ক \times ১০০}{ক \times ৪}$ "

= ২৫ টাকা

উত্তর : লাভ ২৫ %।

৩। একটি দ্রব্য ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% ক্ষতি হতো। দ্রব্যটির ক্রয় মূল্য কত?

সমাধান মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা

১০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০−১০)= ৯০ টাকা

৫% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০ − ৫)= ৯৫ টাকা

বিক্রয়মূল্য বেশি (৯৫ − ৯০) = ৫ টাকা

বিক্রয়মূল্য ৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " " $\frac{১০০}{৫}$ "

" ৪৫ " " " " $\frac{১০০ \times ৪৫}{৫}$ "

= ৯০০ টাকা

∴ ক্রয়মূল্য ৯০০ টাকা।

উত্তর: ৯০০ টাকা

৪। ক) উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^2 + x + 1$

সমাধান $x^2 + x + 1$

$= x^2 + 2x + 1 - x$

$= (x + 1)^2 - (\sqrt{x})^2$

$= (x + 1 + \sqrt{x})(x + 1 - \sqrt{x})$ **(Answer)**

খ) সমাধান করুন: $\frac{5}{4x - 15} = \frac{2}{3x + 1}$

সমাধান $\frac{5}{4x - 15} = \frac{2}{3x + 1}$

বা, $15x + 5 = 8x - 30$

বা, $7x = -35$

∴ $x = -5$ **(Answer)**

৫। এক কথায় প্রকাশ করুন:

ক) অরণ্যের অগ্নিকান্ড = দাবানল

খ) ধী-শক্তির অধিকারী = ধীমান

গ) মৃত্তিকা দ্বারা নির্মিত = মৃন্ময়

ঘ) যে বিষয়ে কোন বিতর্ক নাই= অবিসংবাদিত

ঙ) যুদ্ধে স্থির থাকেন যিনি = যুধিষ্ঠির

৬। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) আটকপালে = হতভাগ্য

খ) ব্যাঙের আধুলি = সামান্য সম্পদ

গ) কেতা দুরস্ত = পরিপাটি

ঘ) ভূষন্ডির কাক = দীর্ঘজীবী

ঙ) চোখের বালি = চক্ষুশূল

৭। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
নিরর্থক	সার্থক
পূর্বসূরি	উত্তরসূরি
সংশয়	প্রত্যয়
উন্মুখ	বিমুখ
উৎকৃষ্ট	অপকৃষ্ট/নিকৃষ্ট

৮। শুদ্ধ করে লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
ঐক্যমত	ঐকমত্য
সম্ভ্রান্তশালী	সম্ভ্রান্ত
দৈন্যতা	দৈন্য
মুখছবি	মুখচ্ছবি
নিরপরাধী	নিরপরাধ

৯। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) উত্থাপন = উৎ + স্থাপন
খ) অহরহ = অহঃ+অহ
গ) অতীত = অতি + ইত
ঘ) ষোড়শ = ষট্ + দশ
ঙ) দ্যুলোক = দিব্ + লোক

১০। নিচের গ্রন্থগুলোর রচয়িতার লিখুন:

রচনা	রচয়িতার নাম
অবরোধবাসিনী	বেগম রোকেয়া শাখাওয়াত হোসেন
গোরা	রবীন্দ্রনাথ ঠাকুর
লাল সালু	সৈয়দ ওয়ালীউল্লাহ
সঞ্চিতা	কাজী নজরুল ইসলাম
পায়ের আওয়াজ পাওয়া যায়	সৈয়দ শামসুল হক

fb group: Self Preparation

১১। **Fill in the blanks with preposition:**

a) John Smith is good…….. mathematics.
Answer: at
b) Rizvi requested Rini…….. telephone to attend the meeting.
Answer: by
c) What are you so angry……?
Answer: about
d) Look ……. matter.
Answer: into
e) We should be devoted…….. God.
Answer: to

১২। **Fill in the gaps with right form of verbs:**

a) We are looking forward to (hear) from you.
Answer: hearing
b) Bengali (speak) in Calcutta also.
Answer: is spoken
c) He said that he (will go) home soon.
Answer: would go
d) Two years (pass) since he left home.
Answer: have passed
e) What you (do) last night?
Answer: did you do

১৩। **Write the correct spelling:**

Incorrect	Correct
Leftenent	Lieutenant
Dilema	Dilemma
Misseleneous	Miscellaneous
Narvous	Nervous
Dynosor	Dinosaur

১৪। **Translate into English:**

ক) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।
➲ Bangladesh is a developing country.
খ) তুমি কি কখনও বিদেশ গিয়েছ?
➲ Have you ever been abroad?
গ) ঢাকা একটি জনবহুল শহর।
➲ Dhaka is a populous city.
ঘ) আমি কখনও হিমালয় পর্বত দেখিনি।
➲ I have never seen the Himalayas.
ঙ) সূর্য পূর্বদিকে উঠে।
➲ The sun rises in the east.

১৫। **Make sentence with idioms:**

A bed of roses = পুষ্প শয্যা Life is not a bed of roses.
A burning question = তীব্র বির্তকের বিষয়/ প্রকট সমস্যা Female education is the burning question now.
A dark house = অজ্ঞাত পরিচয় We should not discuss politics with a dark horse.
At home = দক্ষ He is at home in English.
Null and void = বাতিল The deed has been null and void now.

৯। **Write the opposite gender:**

Given Gender	Opposite Gender
Dog	Bitch
Nephew	Niece
Poet	Poetess
Master	Mistress
Uncle	Aunt

সংক্ষিপ্ত উত্তর দিন

১৭	ঢাকা সর্বপ্রথম বাংলার রাজধানী হয় কত সালে?	১৬১০ সালে
১৮	ভাষা আন্দোলনের প্রথম সংগঠন কি?	তমদ্দুন মজলিস
১৯	বাংলাদেশকে প্রথম কোন দেশ স্বীকৃতি দেয়?	ভুটান
২০	বাংলাদেশের মুদ্রানীতি প্রনয়ন করে কোন প্রতিষ্ঠান?	বাংলাদেশ ব্যাংক
২১	বাংলাদেশের নিজস্ব স্যাটেলাইটের নাম কি?	বঙ্গবন্ধু-১
২২	"চ্যাম্পিয়ন অফ দ্য আর্থ" কি বিষয়ক পুরস্কার?	পরিবেশ
২৩	মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর নাম কি?	বিজিপি
২৪	পৃথিবীর ফুসফুস বলা হয় কাকে?	আমাজন
২৫	কম্পিউটারের কোন অংশ সকল কার্যক্রম নিয়ন্ত্রণ করে?	সিপিইউ
২৬	কম্পিউটারের অস্থায়ী মেমোরিকে কি বলে?	র‍্যাম
২৭	**হিসাবের বৈশিষ্ট্যসমূহ কি কি?** উত্তর: হিসাবের বৈশিষ্ট্যসমূহ- ক) নির্দিষ্ট শিরোনাম খ) হিসাব কোড গ) নির্দিষ্ট ছক ঘ) দুটি পক্ষ ঙ) তারিখ চ) দ্বৈত সত্তার প্রতিফলন ছ) জেরটানা ও ফলাফল নির্ণয় জ) রেফারেন্স ঝ) হিসাবের সমাপনী জের	
২৮	**দায় কি? দায় কত প্রকার?** উত্তর: প্রতিষ্ঠানের সম্পত্তির বিপরীতে তৃতীয় পক্ষের দাবিকে দায় বলে। দায় ২ প্রকার।	
২৯	**জাবেদা বহির কয়টি কলাম থাকে ও কি কি?** উত্তর: ৫টি কলাম থাকে; যথা- ক) তারিখ খ) বিবরণ গ) খতিয়ান পৃষ্ঠা ঘ) ডেবিট টাকা ঙ) ক্রেডিট টাকা	
৩০	**রেওয়ামিল কি?** উত্তর: খতিয়ানে লিপিবদ্ধ হিসাবগুলোর গাণিতিক নির্ভুলতা যাচাই করার জন্য যে আর্থিক বিবরণী তৈরি করা হয় তাকে রেওয়ামিল বলে।	

৭৮

পরিবেশ অধিদপ্তর
গবেষণাগার সহকারী

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ৩১/০৩/২০২৩ | পূর্ণমান: ১০০

১। একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। বাগানের ভিতরে সীমানার চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

সমাধান দেওয়া আছে, দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৩০ মিটার

রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য= {৮০ − (২ × ২)} মিটার
= ৭৬ মিটার

রাস্তাবাদে বাগানের প্রস্থ= {৩০ − (২ × ২)} মিটার
= ২৬ মিটার

রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৮০ × ৩০) বর্গমিটার
= ২৪০০ বর্গমিটার

রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল = (৭৬ ×২৬) বর্গমিটার
= ১৯৭৬ বর্গমিটার

∴ রাস্তাটির ক্ষেত্রফল = (২৪০০ − ১৯৭৬) বর্গমিটার
= ৪২৪ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল ৪২৪ বর্গমিটার।

উত্তর: ৪২৪ বর্গমিটার।

২। দুটি সংখ্যার অনুপাত ৫ঃ৭ এবং তাদের গ.সা.গু ৪ হলে সংখ্যা দুটির ল.সা.গু কত?

সমাধান দেওয়া আছে, সংখ্যা দুটির অনুপাত = 5 : 6

মনে করি, সংখ্যা দুটি 5x ও 7x

5x ও 7x গ. সা. গু. = x

প্রশ্নমতে, x = 4

5x ও 7x এর ল. সা. গু. = 35x
= 35 × 4 [∴ x = 4]
= 140

∴ সংখ্যা দুটির ল. সা. গু. = 140

৩। একটি ত্রিভুজাকৃতির জমির ক্ষেত্রফল ১৪৪ বর্গ মিটার। এর উচ্চতা ১২ মিটার হলে ভূমির দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমাধান এখানে উচ্চতা ১২ মিটার; ক্ষেত্রফল ১৪৪ মিটার

আমরা জানি,

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি × উচ্চতা

বা, $১৪৪ = \frac{১}{২} \times$ ভূমি × ১২

বা, ভূমি $= \frac{১৪৪}{৬}$

∴ ভূমি = ২৪ মিটার

উত্তর: ২৪ মিটার

৪। $m + \frac{1}{m} = a$ হলে, $m^3 + \frac{1}{m^3}$ এর মান নির্ণয় করুন।

সমাধান $m^3 + \frac{1}{m^3}$

$= m^3 + \left(\frac{1}{m}\right)^3$

$= \left(m + \frac{1}{m}\right)^3 - 3 \times m \times \frac{1}{m}\left(m + \frac{1}{m}\right)$

$= (a)^3 - 3 \times a$

$= a^3 - 3a$ (Answer)

৫। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) কালে ভদ্রে = কদাচিৎ
খ) গৌরচন্দ্রিকা = ভূমিকা
গ) উঁনপাজুরে = হতভাগ্য/অপদার্থ/দুর্বল
ঘ) চিনির পুতুল = শ্রমবিমুখ
ঙ) চশমখোর = বেহায়া

৬। এক কথায় প্রকাশ করুন:

ক) ঈষৎ পাণ্ডুবর্ণ = ধূসর
খ) উড়ন্ত পাখির ঝাঁক = বলাকা
গ) এই মাত্র জন্ম যার = সদ্যোজাত
ঘ) বিনাশ নেই যার = অবিনশ্বর
ঙ) নিন্দা করার অযোগ্য = অনিন্দনীয়/অনিন্দ্য

৭। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) অহংকার = অহম্+ কার
খ) গবাদি = গো + আদি

গ) নিরবধি = নিঃ + অবধি
ঘ) দৃষ্টি = দৃশ্ + তি
ঙ) সজ্জন = সৎ+জন

৮। শুদ্ধ করে লিখুন:

ক) লোকটা নির্দোষী।
➲ লোকটা নির্দোষ
খ) বিধি লঙ্ঘন হয়েছে।
➲ বিধি লঙ্ঘিত হয়েছে।
গ) তার সৌজন্যতা ভুলতে পারব না।
➲ তার সৌজন্য ভুলতে পারব না।
ঘ) তিনি স্বস্ত্রীক রাজশাহী থাকেন।
➲ তিনি সস্ত্রীক রাজশাহী থাকেন।
ঙ) পৃথিবী সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণীয়মান।
➲ পৃথিবীর সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণায়মান/ঘূর্ণ্যমান।

৯। লিঙ্গান্তর করুন:

প্রদত্ত লিঙ্গ	বিপরীত লিঙ্গ
বিদ্বান	বিদুষী
ইন্দ্র	ইন্দ্রানী
ধাত্রী	ধাতা
গরীয়ান	গরীয়সী
যোগিনী	যোগী

১০। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সৃষ্টি	ধ্বংস
অতীন্দ্রিয়	ইন্দ্রিয়
পূর্বসূরি	উত্তরসূরি
সঞ্চয়	অপচয়
সন্ধি	বিগ্রহ

১১। **Write the blanks with preposition:**

a) He insisted..... going at once.
Answer: on
b) He is accused..... theft.
Answer: of
c) The man was died..... overeating.
Answer: from
d) He has gone..... the book.
Answer: through
e) Look ..... the matter.
Answer: into

১২। **Fill in the gaps with right form of verbs:**

a) The poor (lives) from hand to mouth.
Answer: live
b) Either you or I (are) wrong.
Answer: am
c) Ruma as well as Jhuma (are) happy.
Answer: is
d) The patient (die) before the doctor arrived.
Answer: had died
e) I (read) for two hours.
Answer: have been reading

১৩। **Make correction on the following:**

a) They play the football.
➲ They play football.
b) I have five deers.
➲ I have five deer.
c) He came here on the foot.
➲ He came here on foot.
d) I have many money.
➲ I have much money.
e) He quickly ran.
➲ He ran quickly.

১৪। **Translate into English:**

ক) বাংলাদেশ একটি বদ্বীপ।
➲ Bangladesh is a delta.
খ) পাট একটি অর্থকরী ফসল।
➲ Jute is a cash crop.
গ) কখনও কখনও প্রবল বৃষ্টি হয়।
➲ Sometimes it rains heavily.
ঘ) সে এত দুর্বল যে হাঁটতে পারে না।
➲ He is too weak to walk/
➲ He is so weak that he can't walk.
ঙ) আমি এক ঘন্টার মধ্যে ফিরে আসব।
➲ I will come back in/within an hour.

১৫। **Make sentence with the idioms:**

Crocodile tears = মায়া-কান্না He shed crocodile tears at his father's death.
Come into force = কার্যকরী হওয়া This rule will come into force very soon.
Benefit of the doubt = সন্দেহাবসর She said she was late because her flight was cancelled, and we gave her the benefit of the doubt.
In a body = সবাই মিলে We supported him in a body.

❑ **Recent Job Solution**

Red handed = হাতে নাতে ধরা The police caught the thief red handed.

১৬। **Write the opposite gender:**

Given Gender	Opposite Gender
Emperor	Empress
Duke	Duchess
King	Queen
Milkman	Milkmaid
Widow	Widower

সংক্ষিপ্ত উত্তর দিন

১৭	বাংলাদেশে জমিদার প্রথা বিলুপ্ত হয় কত সালে?	১৯৫০
১৮	পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান হয় কত সালে?	১৯৬৯
১৯	মুক্তিযুদ্ধে বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত কত জন?	৪২৬ জন (১৯৭৩ এর গেজেট অনুসারে)
২০	Cop-27 কোন দেশে অনুষ্ঠিত হয়েছে?	মিশরে
২১	বাংলাদেশের সংবিধানে কয়টি অধ্যায় রয়েছে?	১১
২২	জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন কয়টি?	৫০
২৩	পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ অরন্যের নাম কি?	সুন্দরবন
২৪	UNEP এর পূর্ণ রূপ কি?	UNEP- United Nations Environment Programme
২৫	গ্রিনপিস কি?	আন্তর্জাতিক পরিবেশবাদী সংস্থা
২৬	কম্পিউটারের স্থায়ী মেমোরির নাম কি?	রোম
২৭	ওজোনের রং কি?	গাঢ় নীল
২৮	পরমাণুর নিউক্লিয়াসে কি থাকে?	নিউট্রন ও প্রোটন
২৯	সার্বজনীন দ্রাবক কোনটি?	পানি
৩০	LPG এর পূর্ণরূপ কি?	LPG-Liquefied Petroleum Gas
৩১	টমেটোতে কি এসিড থাকে?	ম্যালিক এসিড
৩২	লিটমাস ক্ষারীয় মাধ্যমে কি বর্ণ ধারণ করে?	নীল
৩৩	কার্বনিক এসিডের সংকেত লিখুন।	H_2CO_3
৩৪	পলিথিন কি?	ইথিলিনের পলিমার
৩৫	CFC এর পূর্ণ রূপ কি?	Chlorofluorocarbon
৩৬	বায়ুমন্ডলে নাইট্রোজেনের পরিমান কত শতাংশ?	৭৮.০১%

৭৯

বাংলাদেশ শিশু একাডেমি
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ৩১/০৩/২০২৩ | পূর্ণমান: ৯০

১। ক) সন্ধি বিচ্ছেদ করুন:

ক) সূর্যোদয় = সূর্য + উদয়
খ) স্বল্প = সু + অল্প
গ) শীতার্ত = শীত + ঋত
ঘ) গবেষণা =গো + এষণা
ঙ) সংসার = সম্ + সার

খ) বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
প্রসারিত	সংকুচিত
প্রতিযোগী	সহযোগী
দুর্জন	সজ্জন
বর্জন	গ্রহণ
বন্ধুর	মসৃণ

গ) শুদ্ধ করে লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
জাতিসত্ত্বা	জাতিসত্তা
মরিচিকা	মরীচিকা
আষাড়	আষাঢ়
কল্যান	কল্যাণ
অনুষ্ঠাণ	অনুষ্ঠান

ঘ) বাংলাদেশ শিশু একাডেমিতে আপনার প্রার্থিত পদে চাকরির জন্য আবেদনপত্র লিখুন।

ঙ) কম্পিউটার হার্ডওয়ার বলতে কি বোঝায়? কম্পিউটার হার্ডওয়ারকে কয় ভাগে ভাগ করা হয়? কি? কি? দুইটি সামাজিক যোগাযোগ মাধ্যমের নাম লিখুন।

উত্তর: কম্পিউটারের হার্ডওয়্যার হল সেই সব অংশ যা দৃশ্যত এবং স্পর্শ করা যায় বা যার কাঠামো আছে। যেমন: মাউস, প্রসেসর, মনিটর ইত্যাদি।

হার্ডওয়্যার ডিভাইসকে মূলত চারটি ভাগে ভাগ করা হয়েছে; যথা- ইনপুট ডিভাইস, আউটপুট ডিভাইস, প্রসেসিং ডিভাইস, স্টোরেজ ডিভাইস।
দুইটি সামাজিক যোগাযোগ মাধ্যম- ফেসবুক, টুইটার

২। **Fill in the blanks:**

a) We should abstain……. smoking.
Answer: from
b) Look……..! A car is heading towards us.
Answer: at
c) We are indebted…….. our parents.
Answer: to
d) The boy takes……. his father.
Answer: after
e) The man died……. overeating.
Answer: from

৩। **Translate into Bengali:**

ক) সে আমার মনের মতো মানুষ।
➲ He is a man after my heart.
খ) আমি পড়া হতে লেখা বেশি পছন্দ করি।
➲ I prefer writing to reading.
গ) আমি নিশ্চয় সেখানে যাবো।
➲ I will surely/certainly go there.
ঘ) ছেলেটি দেখতে তার বাবার মতো।
➲ The boy takes after his father.
ঙ) নিজস্ব অর্থায়নে নির্মিত পদ্মা সেতু আমাদের অহংকার।
➲ The Padma Bridge is our pride, built with our own funds./
➲ The Padma Bridge built with own funding is our pride.

৪। **Transfer the following sentences:**

a) He is only ten. (Negative)
⇒ He is not more than ten.

b) He annoyed me. (Passive Voice)
⇒ I was annoyed with him.

c) A child likes none but sweets.
⇒ A child likes only sweets.

d) He is not known to me.
⇒ I do not know him.

e) I want a car to drive. (Complex)
⇒ I want a car so that/that I can drive.

৫। **Please write shortly about- Bangladesh Shishu Academy.**

৬। বাংলায় অনুবাদ করঃ

26 March, our Independence Day, is one of the most important national day. The day is celebrated every year in the country with great enthusiasm and fervor. The day begins with a 31-gun salute. We, all pay homage to the martyrs. People from all walks of life go to the national mausoleum in rallies and processions. Three are many cultural programs throughout the day, highlighting the heroic struggle and sacrifice in 1971.

বাংলা অনুবাদঃ ২৬ মার্চ, আমাদের স্বাধীনতা দিবস, সবচেয়ে গুরুত্বপূর্ণ দিবসগুলোর মধ্যে একটি। প্রতিবছর দেশে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি পালিত হয়। ৩১টি তোপ ধ্বনির মাধ্যমে দিনটি শুরু হয়। আমরা সাবাই শহিদদের প্রতি শ্রদ্ধা জানাই। সর্বস্তরের মানুষ মিছিল ও র‍্যালি নিয়ে জাতীয় সমাধিসৌধে যায়। একাত্তরের বীরত্বপূর্ণ সংগ্রাম ও আত্মত্যাগকে কেন্দ্র করে দিনব্যাপী নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৭।

ক) $x^2 - 4x + 3 = 0$ যদি হয় $(x-2)^2$ তবে এর মান কত?

সমাধান $x^2 - 4x + 3 = 0$

বা, $x^2 - 2x.2 + 2^2 - 1 = 0$

$\therefore (x-2)^2 = 1$ **(Answer)**

খ) ৮০ ফুট দীর্ঘ এবং ৭০ ফুট প্রস্থ বিশিষ্ট একটি বাগানের বাহিরে চারদিকে ৫ ফুট প্রস্থের একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

সমাধান দেওয়া আছে, দৈর্ঘ্য ৮০ ফুট ও প্রস্থ ৭০ ফুট

রাস্তা সহ বাগানের দৈর্ঘ্য = $\{৮০ + (৫ \times ২)\}$ ফুট
= ৯০ ফুট

রাস্তা সহ বাগানের প্রস্থ = $\{৭০ + (৫ \times ২)\}$ ফুট
= ৮০ ফুট

রাস্তা সহ বাগানের ক্ষেত্রফল = (৯০×৮০) বর্গফুট
= ৭২০০ বর্গফুট

বাগানটির ক্ষেত্রফল= (৮০×৭০) বর্গফুট
= ৫৬০০ বর্গফুট

$\therefore$ রাস্তাটির ক্ষেত্রফল = $(৭২০০ - ৫৬০০)$ বর্গফুট
= ১৬০০ বর্গফূট

উত্তরঃ ১৬০০ বর্গফুট

গ) পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। ৬ বছর পর তাদের বয়সের অনুপাত ৫ঃ১ হলে পুত্রের বর্তমান বয়স কত?

সমাধান

পিতা ও পুত্রের বয়সের সমষ্টি = ৩০ × ২ = ৬০ বছর

মনে করি, পুত্রের বর্তমান বয়স = ক বছর

পিতার বর্তমান বয়স = (৬০ - ক) বছর

প্রশ্নমতে, $\{(৬০ - ক) + ৬\} : (ক + ৬) = ৫ঃ১$

বা, $\frac{৬৬ - ক}{ক + ৬} = \frac{৫}{১}$

বা, ৬৬ - ক = ৫ক + ৩০

বা, ৬ ক = ৩৬

$\therefore$ ক = ৬

সুতরাং পুত্রের বয়স = ৬ বছর

উত্তরঃ পুত্রের বর্তমান বয়স ৬ বছর।

ঘ) একটি দ্রব্য ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

সমাধান দেখুনঃ প্রশ্ন নং-০৩, সমস্যা নং-১০।

❑ Recent Job Solution

ঙ) উৎপাদকে বিশ্লেষণ করুন: $2a^2 - 6a - 20$

সমাধান $2a^2 - 6a - 20$
$= 2(a^2 - 3a - 10)$
$= 2(a^2 - 5a + 2a - 10)$
$= 2\{a(a-5) + 2(a-5)\}$
$= 2(a-5)(a+2)$ (Answer)

৮। সাধারণ জ্ঞান

ক	১৭ এপ্রিল ১৯৭১ তারিখ কেন বিখ্যাত?	মুজিনবগর সরকার শপথ গ্রহণ করে এই তারিখে
খ	সর্বোচ্চ বীরত্বসূচক রাষ্ট্রীয় উপাধি কোনটি?	বীরশ্রেষ্ঠ
গ	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস কবে?	১০ জানুয়ারি
ঘ	বাংলাদেশে জাতীয় শিশু দিবস কত তারিখে পালন করা হয়?	১৭ই মার্চ
ঙ	"শেখ রাসেল দিবস" পালিত হয় কোন তারিখে?	১৮ই অক্টোবর
চ	LDC এর পূর্ণরূপ কি?	LDC- Least Developed Countries
ছ	বাংলাদেশে যে স্যাটেলাইট উৎক্ষেপন করে তার নাম কী?	বঙ্গবন্ধু স্যাটেলাইট-১
জ	রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ব্রিটিশ সংবাদ মাধ্যম কী উপাধিতে ভূষিত করেছেন?	মাদার অফ হিউম্যানিটি
ঝ	SDG এর পূর্ণরূপ কি?	SDG- Sustainable Development Goals
ঞ	বাংলাদেশে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র কোথায় স্থাপিত হচ্ছে?	রূপপুর, পাবনা
ট	বাংলাদেশের আইনসভার নাম কি?	জাতীয় সংসদ
ঠ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বর্তমান প্রতিমন্ত্রীর নাম কি?	ফজিলাতুন নেসা ইন্দিরা
ড	পদ্মা সেতু কোন দুই জেলা ও উপজেলাকে সংযুক্ত করেছে?	লৌহজং ও জাজিরা
ঢ	জুম (zoom) কি?	উত্তর: জুম হলো একটি ভিডিও টেলিকনফারেন্সিং সফটওয়্যার।
ণ	কম্পিউটারে বহুল ব্যবহৃত ৩টি Antivirus সফটওয়্যার এর নাম লিখুন।	ক্যাস্পারিস্কি, নরটন, এভিজি

৯। পূর্ণরূপ লিখুন: WAN, HTML, OMR, LED, HTTP

WAN = Wide area network
HTML = Hypertext Markup Language
OMR = Optical Mark Recognition/Reader
LED = Light Emitting Diode
HTTP = Hyper Text Transfer protocol

৮০

বিস্ফোরক অধিদপ্তর
সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ৩১/০৩/২০২৩ | পূর্ণমান: ৭০

১। এক কথায় প্রকাশ করুন:

ক) যে ক্রমাগত রোদন করছে = রোরুদ্যমান
খ) যা পূর্বে শোনা যায়নি = অশ্রুতপূর্ব
গ) তল স্পর্শ করা যায় না যার = অতলস্পর্শী
ঘ) যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে = প্রোষিতভর্তৃকা
ঙ) যা দমন করা যায় না = অদম্য

২। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) মহর্ষি = মহা + ঋষি
খ) মনীষা = মনস্ + ঈষা
গ) ণিজন্ত = ণিচ্+ অন্ত
ঘ) পৌঢ় = প্র + ঊঢ়
ঙ) নীরদ = নিঃ + রদ

৩। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) ইতর বিশেষ = পার্থক্য
খ) ঝাঁকের কই = একই দলভুক্ত
গ) একাদশে বৃহস্পতি = সৌভাগ্যের বিষয়
ঘ) ভূতের বেগার = অযথা পরিশ্রম
ঙ) নেই আঁকড়া = একগুঁয়ে

৪। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
বাচাল	স্বল্পভাষী
দুষ্কৃত	সুকৃত
সমষ্টি	ব্যষ্টি
আবির্ভাব	তিরোভাব
হরণ	পূরণ

৫। **Fill in the blanks:**

a) I will abstain __ smoking.
Ans: from
b) He is always busy __ nothing.
Ans: about
c) Early rising is conducive __ health.
Ans: to
d) He is dull __ physics.
Ans: at
e) I found him plunged __thought.
Ans: in

৬। **Make sentence with meaning:**

a) Burning questions = তীব্র বিতর্কের বিষয়
Female education is the burning question now
b) In abeyance = মুলতুবি/স্থগিত
The court is still in abeyance.
c) One and all = প্রত্যেকে
One and all ran away seeing the dog.
d) Prepared for = প্রস্তুত
I will prepare for the exam
e) Last but one =শেষের আগেরটা
I need last but one

৭। **Translate into English:**

ক) কাল অবশ্যই এসো
➲ You will definitely come tomorrow
খ) সে এরূপ বলেছে বলে আমি দুঃখিত।
➲ I am sorry about his saying that
গ) তার কী হয়েছে?
➲ What happened to him?
ঘ) তিনি চাকরি ছেড়ে দিয়েছেন
➲ He quit his job.
ঙ) কাল তো রবিবার
➲ Tomorrow is Sunday.

৮। Write a paragraph on "4th Industrial Revolution:

৯। ২০ মিটার দীর্ঘ একটি কামরার মেঝে কার্পেট দিয়ে ঢাকতে ৭৫০০ টাকা খরচ হয়। কামরাটির প্রস্থ ৪ মিটার কম হতো, তবে ৬০০০ টাকা খরচ হতো। কামরাটির প্রস্থ কত?

সমাধান দেখুন: প্রশ্ন নং-১২, সমস্যা নং-০৯

১০। শ্যামল দোকান থেকে কিছু কলম কিনল। সেগুলোর $\frac{১}{২}$ অংশ তার বোনকে ও $\frac{১}{৩}$ অংশ তার ভাইকে দিল। তার কাছে আর ৫টি কলম রইল। শ্যামল কয়টি কলম কিনেছিল?

সমাধান মনে করে, শ্যামল ক টি কলম কিনে ছিল
প্রশ্নমতে,

$$\text{বা, ক} - (\text{ক এর } \frac{১}{২} + \text{ক এর } \frac{১}{৩}) = ৫$$

$$\text{বা, ক} - \frac{\text{ক}}{২} - \frac{\text{ক}}{৩} = ৫$$

$$\text{বা, } \frac{৬\text{ক} - ৩\text{ক} - ২\text{ক}}{৬} = ৫$$

$$\text{বা, } \frac{\text{ক}}{৬} = ৫$$

$$\therefore \text{ক} = ৩০$$

উত্তর: ৩০টি

১১। ক) $a^2 - 14a + 45$

সমাধান $a^2 - 14a + 45$
$= a^2 - 9a - 5a + 45$
$= a(a - 9) - 5(a - 9)$
$= (a - 9)(a - 5)$ **(Answer)**

খ) $x + y = 4$ হলে $x^3 + y^3 + 12xy$ এর মান কত?

সমাধান দেখুন: প্রশ্ন নং-২৯, সমস্যা নং-০৯

১২। সাধারণ জ্ঞান:

ক)	সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দপ্তরসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করতে হবে?	৪ (ক) অনুচ্ছেদ
খ)	বিদেশে কোন মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?	কলকাতা মিশনে
গ)	রাশিয়া কবে ইউক্রেন আক্রমণ করে?	২৪ ফেব্রুয়ারি ২০২২
ঘ)	২০২২ ফুটবল বিশ্বকাপে "গোল্ডেন বুট" কে পেয়েছিলেন?	কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)
ঙ)	বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতীক 'বলাকা'র ডিজাইনার কে?	কামরুল হাসান
চ)	মোবাইল ফোনের ক্ষেত্রে ব্যবহৃত IMEI এর পূর্ণরূপ কী?	International Mobile Equipment Identity
ছ)	'আমি কিংবদন্তীর কথা বলছি' গ্রন্থের রচয়িতা কে?	আবু জাফর ওবায়দুল্লাহ
জ)	'নীল লোহিত' কোন লেখকের ছদ্মনাম?	সুনীল গঙ্গোপাধ্যায়
ঝ)	চর্যাপদ কোথায় আবিষ্কৃত হয়?	নেপালের রাজগ্রন্থশালা থেকে
ঞ)	উদ্ভিদ কোন প্রক্রিয়ায় মাটি থেকে মূলের মাধ্যমে পানি শোষণ করে?	অভিস্রবণ প্রক্রিয়ায়
ট)	NASA'র সদর দপ্তর কোথায় অবস্থিত?	ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র
ঠ)	আন্তর্জাতিক অপরাধ আদালত কোথায় অবস্থিত?	হেগ, নেদারল্যান্ড
ড)	চীনের মুদ্রার নাম কী?	ইউয়ান
ঢ)	"ময়নামতি" কোন সভ্যতার নিদর্শন বহন করে?	বৌদ্ধ সভ্যতা
ণ)	'রামমোহন রায়কে' কে 'রাজা' উপাধিতে ভূষিত করেন?	মুঘল সম্রাট দ্বিতীয় আকবর

৮১

মন্ত্রিপরিষদ বিভাগ
সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ০১/০৪/২০২৩ | পূর্ণমান: ৯০

১। ণ-ত্ব বিধান কাকে বলে? ণ-ত্ব বিধানের চারটি নিয়মাবলি লিখুন।

উত্তর: তৎসম শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান।

ণ-ত্ব বিধানের নিয়ম:

১. ট-বর্গীয় ধ্বনির আগে দন্ত্য ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় মূর্ধন্য হয়। যেমন- ঘণ্টা, কাণ্ড ইত্যাদি।

২. ঋ, র, ষ এর পরে মূর্ধন্য হয়। যেমন- তৃণ, ঋণ, বর্ণনা ইত্যাদি।

৩. ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, য় ব হ ং এবং ক-বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী ন মূর্ধন্য হয়। যেমন- কৃপণ, হরিণ, অর্পণ ইত্যাদি।

৪. বিদেশি শব্দে মূর্ধন্য ব্যবহার হবে না। যেমন- কর্নেল

২। নিচের বাক্যগুলো শুদ্ধরূপ লিখুন।

ক) সোক সভায় বিশিষ্ট বুদ্ধিজিবি, বিজ্ঞানি, দার্শনিক প্রমুখগন শ্রদ্ধাঞ্জলী প্রদান করেন।

➲ শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবী, বিজ্ঞানী, দার্শনিক প্রমুখ শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন।

খ) পরপোকার মনুষত্ত্বের পরিচায়ক ।

➲ পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক।

গ) বিদ্বাণ মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।

➲ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

ঘ) নীরিহ শুধুমাত্র আশির্বাদ অতিথী চেয়েছিলেন।

➲ নিরীহ অতিথি শুধু আশীর্বাদ চেয়েছিলেন।

ঙ) বাজিকরের অদ্ভুদ ক্রিয়া দেখে ছাত্রগণেরা প্রফুল্লিত হইল।

➲ বাজিকরের অদ্ভুদ ক্রীড়া দেখে ছাত্ররা প্রফুল্ল হল।

৩। সংক্ষেপে নিম্ন লিখিত প্রশ্নগুলোর উত্তর লিখুন:

ক) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর কখন এবং কেন নাইট উপাধি বর্জন করেছিলেন?

উত্তর: ১৯১৯ সালে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে নাইট উপাদি বর্জন করেন।

খ) বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জীবনের বৈচিত্র্যময় দিকগুলো তুলে ধরুন।

উত্তর: কাজী নজরুল ইসলাম ১৮৯৯ সালে ২৪ মে পশ্চিমবঙ্গের বর্ধমান জেলায় জন্মগ্রহণ করেন। ১২ বছর বয়সে তিনি লেটোর দলে যোগ দেন এবং দলের জন্য পালাগান রচনা করেন। প্রথম বিশ্বযুদ্ধে ১৯১৭ সালে তিনি ৪৯নং বাঙালি পল্টনে সৈনিক হিসেবে যোগ দেন এবং করাচিতে যান। তাকে ১৯৭৪ সালে বাংলাদেশের জাতীয় কবি এবং ১৯৭৬ সালে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয়।

৪। 'জাতীয় শোক দিবস' সম্পর্কে সংক্ষেপে লিখুন।

৫। সংক্ষেপে রচনা লিখুন: বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য

৬। **Fill in the gaps:**

a) …… enchanting painting is hanging on the wall.
Answer: An

b) Divide taka one hundred…… three boys.
Answer: among

c) Mr. Rahim is…… B.Sc.
Answer: a

d) …….. English is widely spoken Language in the world.
Answer: ×

e) I value character…….. everything.
Answer: over

৭। **Translate into English:**

ক) আমি একটি পাখি দেখছি।

➲ I see a bird.

খ) ডাক্তার আসার পর রোগী ভালো হয়ে গেল।

➲ The patient came round after the doctor had come.

গ) সকাল থেকে একটি চেয়ারে স্থির হয়ে বসে আছি।

❑ Recent Job Solution

➲ I have been sitting on the chair since morning.

ঘ) ফেসবুক একটি ইন্টারনেট নির্ভর সামাজিক যোগাযোগ মাধ্যম।

➲ Facebook is an internet based social media.

ঙ) মানুষ মাত্রই ভুল হয়।

➲ To err is human.

৮। Write short notes on 'Cyber Crime'

৯। Write on 'Bangabandhu and Bangladesh'

১০। নিম্নোক্ত শব্দগুলোর অর্থ লিখুন:

শব্দ	অর্থ
Abolish	রহিত করা
Benevolent	হিতৈষী
Authentic	প্রকৃত
Gigantic	দানবীয়
Contaminate	দূষিত করা

১১। একটি শ্রেনিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে, প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও ৩০ পয়সা বেশি করে জনহিতকর কাজে দান করায় মোট ৭০ টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রী সংখ্যা কত?

সমাধান মনে করি, ছাত্র–ছাত্রীর সংখ্যা = x জন

প্রত্যেকে চাঁদা দেয় = $(x + 30)$ পয়সা

$\therefore$ মোট চাঁদার পরিমাণ = $x(x + 30)$ পয়সা

প্রশ্নমতে, $x(x + 30) = 70 \times 100$ [$\because$ 1 টাকা = 100 পয়সা]

বা, $x^2 + 30x - 7000 = 0$

বা, $x^2 + 100x - 70x - 7000 = 0$

বা, $x(x + 100) - 70(x + 100) = 0$

বা, $(x + 100)(x - 70) = 0$

হয়, $x + 100 = 0$

বা, $x \neq -100$ কারণ, ছাত্র-ছাত্রীর সংখ্যা ঋণাত্মক হতে পারে না।

অথবা, $x - 70 = 0$

বা, $x = 70$

$\therefore x = 70$

সুতরাং, ছাত্র–ছাত্রীর সংখ্যা 70 জন। উত্তর: 70 জন

১২। প্রমাণ করুন যে, সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু হতে ভূমির উপর অঙ্কিত লম্ব ভূমিকে সমদ্বিখন্ডিত করে।



মনে করি, ΔABC এর সমান দুটি বাহু AB ও AC এবং ভূমি BC

A শীর্ষ বিন্দু হতে BC এর উপর লম্ব AD। প্রমাণ করতে হবে যে BD = CD

প্রমাণ:

ΔABD এবং ΔACD এর সাধারণ বাহু AD

এবং অতিভুজ AB = AC

আমরা জানি,

দুইটি সমকোণী ত্রিভুজের অতিভুজদ্বয় সমান হলে এবং একটির এক বাহু অপরটির অপর এক বাহুর সমান হলে, ত্রিভুজদ্বয় সর্বসম।

সুতরাং $\Delta ABD \cong \Delta ACD$

BD = CD

ABC সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু হতে BC ভূমির উপর ভূমিকে D বিন্দুতে BD = CD বাহুতে সমদ্বিখন্ডিত করে। (প্রমাণিত)

১৩। আমের মূল্য ২০% কমে যাওয়ায় ৯৬ টাকা দরে আগের চেয়ে ২টি আম বেশি ক্রয় করা যায়। ৫০টি আমের প্রকৃত মূল্য কত?

সমাধান 20% কমে,

100 টাকায় কমে 20 টাকা

1 " " $\frac{20}{100}$ "

96 " " $\frac{20 \times 96}{100}$

$= \frac{96}{5}$ টাকা

2টি আমের প্রকৃত দাম $\frac{96}{5}$ টাকা

1টি " " " $\frac{96}{5 \times 2}$

50টি " " " $\frac{96 \times 50}{5 \times 2}$

= 480 টাকা

উত্তর: 480 টাকা।

১৪। সমাধান করুন: $\frac{1}{x+1} + \frac{1}{x+4} = \frac{1}{x+2} + \frac{1}{x+3}$

সমাধান $\frac{1}{x+1} + \frac{1}{x+4} = \frac{1}{x+2} + \frac{1}{x+3}$

